

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এস ও সি বিভাগনথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪১.৩৭.০০২.২৩ নথির বিষয়: Renovation work at conference room of SOC division.
নোট: ১ নোটের বিষয়: Renovation work at conference room of SOC division.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৯/৮/২৩ ৪:৫৮ অপরাহ্ন

এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার কেন্দ্রীয় কন্ট্রোল রুম হিসেবে ২৪ (চব্বিশ) ঘন্টা খোলা রেখে কাজ করে যাচ্ছে। বিভিন্ন মডুস জোন ও পানি শোধনাগার সমূহের পানি উৎপাদন সহ প্রতিদিনের বিভিন্ন ধরনের তথ্যাদি (গাড়ি দ্বারা পানি সরবরাহের পরিমাণ, বিদ্যুৎ বিস্রাট ইত্যাদি) উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। তাছাড়া ঢাকা শহরের বিভিন্ন পানির পাম্পের ক্লোরিনেশন সিস্টেম স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করতঃ বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করার কাজটি এস ও সি বিভাগের মাধ্যমেই সম্পন্ন হয়ে থাকে। অত্র বিভাগের আওতায় অফিস কক্ষ, স্টোর রুম, স্টোর কিপার রুম, ক্লোরিন টেকনিশিয়ান রুম, জেনারেটর অপারেটর রুম, মেকানিক রুম ও গার্ড রুম রয়েছে। ভবনটির ৩য় তলায় একটি কক্ষ রয়েছে যা বর্তমানে প্রায় জীর্ণ অবস্থায় রয়েছে। অতঃ Renovation তথা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হলে উক্ত রুমটি কনফারেন্স রুম হিসেবে ব্যবহার করা সম্ভব। রুমটিতে বিভিন্ন সময়ে ক্লোরিনেশন সিস্টেমসহ অন্যান্য বিষয়ে ঢাকা ওয়াসা'র উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আলোচনার মাধ্যমে বিভিন্ন কর্মপন্থা নির্ধারণ করা যেতে পারে। এতদ্বিষয়ে ঢাকা ওয়াসা'র বিভিন্ন বিভাগ ও উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে নিয়মিত মিটিং ও প্রয়োজনীয় ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদানের স্থান হিসেবে তৈরি করার জন্য উক্ত কনফারেন্স রুমটির Renovation তথা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এর অংশ হিসেবে রুমটির টিন পরিবর্তন, ফলস সিলিং স্থাপন, দেয়াল প্লাস্টার ও রং করণ, ফ্লোর টাইলস, এসি স্থাপন করাসহ আনুষঙ্গিক কাজ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৯/৮/২৩ ৫:০৫ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে এস ও সি বিভাগের বিদ্যমান ভবনের ৩য় তলায় কনফারেন্স রুমটির Renovation তথা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এর অংশ হিসেবে রুমটির টিন পরিবর্তন, ফলস সিলিং স্থাপন, দেয়াল প্লাস্টার ও রং করণ, ফ্লোর টাইলস, এসি স্থাপন করাসহ আনুষঙ্গিক কাজ করা করার জন্য পি.ডব্লিউ.ডি. রেন্ট সিডিউল ২০২২ ও প্রচলিত বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমাণ = ৪,৯৯,৪৩৮.২৭৬ (চার লক্ষ নিরানব্বই হাজার চারশত আটত্রিশ দশমিক দুই সাত ছয়) টাকা মাত্র। অত্র কাজের ব্যয় ভার ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “অফিস দালান রক্ষণাবেক্ষণ” খাত, কোড নং- ০১-০৪-০০৭ হতে নির্বাহী যেতে পারে এবং কাজটি এস ও সি বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৩৫ (OBM-2) এ অন্তর্ভুক্ত আছে।

সংযুক্তিসমূহ (৫):

১। বাজেটের কপি।

২। এস ও সি বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

৩। বাজার দরের প্রমাণক সমূহ।

৪। ক্যালকুলেশন।


৫। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৯/৮/২৩ ৫:০৬ অপরাহ্ন


এমতাবস্থায় উপরোক্ত বর্ণনার আলোকে এংং কর্তৃপক্ষের কাজের স্বার্থে Renovation work at conference room of SOC division কাজটি সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত = ৪,৯৯,৪৩৮.২৭৬ (চার লক্ষ নিরানব্বই হাজার চারশত আটত্রিশ দশমিক দুই সাত ছয়) টাকা মাত্রের প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর ৬৩(১) ধারা মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।



৯/৮/২৩ ৫:০৭ অপরাহ্ন
মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ



১০/৮/২৩ ২:২৭ অপরাহ্ন
মোহাম্মদ আইয়ুব খান
সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ



১০/৮/২৩ ৫:৪১ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ




১৩/৮/২৩ ১২:২৬ অপরাহ্ন
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল


১৩/৮/২৩ ১২:২৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৪/৮/২৩ ৭:০৮ অপরাহ্ন

অনুমোদিত



১৪/৮/২৩ ৭:০৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৬/৮/২৩ ১:০১ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ



১৭/৮/২৩ ১১:৪৩ পূর্বাহ্ন
মোহাম্মদ আইয়ুব খান
সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

১৭/৮/২৩ ১১:৪৩ পূর্বাহ্ন
মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ